গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া
www.bijoynagar.brahmanbaria.gov.bd

স্মারক নং-০৫.৪২.১২০৭.০০০.১৮.০২৩.২২-৫৫৭

তারিখঃ ২০ জুলাই ২০২২খ্রি.

# নোটিশ

আগামী ২৬/০৭/২০২২ খ্রিঃ সকাল-১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদের সভাকক্ষে প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জনাব সাবিত্রী রানী এর সভাপতিত্বে বিজয়নগর উপজেলা পরিষদের জুলাই -২০২২ মাসের সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সম্মানিত সকল সদস্যবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। আগামী ২৪/০৭/২০২২ খ্রি. তারিখের মধ্যে তার দপ্তরের আলোচনাযোগ্য বিষয়াদীসহ কার্যপত্র অত্রাফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য বিষয়ঃ

১। জুন /২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিগত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩। উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগ সমূহের কার্যক্রম পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৪। বিবিধ।

20/07/2022

(এ এইচ ইরফান উদ্দিন আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
unobijoynagar@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪২.১২০৭.০০০.১৮.০২৩.২২-৫৫৭

তারিখ: ২০ জুলাই -২০২২খ্রি.

অনুলিপি: (সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জনাব র. আ. ম. উবায়দুল মোকতাদির চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া-৩ ও সভাপতি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা-ভাইস চেয়ারম্যান, বিজয়নগর উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া।
৫। চেয়ারম্যান, .................................................... ইউনিয়ন পরিষদ (সকল), বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

20/07/2022

উপজেলা নির্বাহী অফিসার
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া

CamScanner

## বিজয়নগর উপজেলা পরিষদের জুলাই-২০২২ খ্রি. মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নাছিমা মুকাই আলী<br>চেয়ারম্যান<br>বিজয়নগর উপজেলা পরিষদ<br>ব্রাহ্মণবাড়িয়া। |
| তারিখ | : | ২৬/০৭/২০২২ খ্রি. সময় সকাল ১১.০০ টা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ। |

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল বিভাগীয় প্রধান ও জনপ্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগরকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর সকলকে স্বাগত জানান ও সভার কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি জুন-২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান যে, সার ও বীজের কোন ধরনের সংকট নেই। সরকার নির্ধারিত মুল্যে কৃষকগণ সার ক্রয় করছেন। সুষম সারের ব্যবহার বৃদ্ধি পেয়েছে। এ বছর আমন আবাদের লক্ষ্যমাত্রা ৪৬০০ হেঃ নির্ধারণ করা হয়েছে। আমন উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচীর আওতায় ৫০০জন ক্ষুদ্র ও প্রন্তিক কৃষকের প্রত্যেককে ০৫ কেজি, উফশী রোপা আমন বীজ ০৫ কেজি, ডিএপি সার ১০কেজি, এমওপি সার ১০ কেজি দেওয়া হয়েছে। সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে পুর্নবাসন কর্মসূচীর আওতায় ৫০০জন ক্ষুদ্র ও প্রন্তিক কৃষকের প্রত্যেককে ০৫ কেজি উফশী নাবী জাতের রোপা আমন বীজ ০৫কেজি ডিএপি সার ১০কেজি, এমওপি সার ১০কেজি দেওয়া হয়েছে। বিজয়নগর উপজেলায় এ বছর ৬৫হেঃ মাল্টার আবাদ হয়েছে। ফলনের সার্বিক অবস্থা ভালো আছে। আশা করা যাচ্ছে যে, মাল্টার ফলন কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে। তাছাড়া মাঠে দণ্ডায়মান ফসলের অবস্থা ভালো আছে। বিভিন্ন রোগবালাই ও পোকা মাকড় আমনসহ অন্যান্য ফসলে আক্রমণে যাতে ক্ষতিগ্রস্থ না হয় সে ব্যাপারে মাঠ পর্যায়ে কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকের সাথে থেকে তাদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের নির্দেশনা দেওয়া হয়েছে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে আছে। | ১. রোগবালাই ও পোকা মাকড় আক্রমনে ক্ষতিগ্রস্থ না হয় সেই ব্যাপারে দৃষ্টি রাখতে হবে এবং মাঠ পর্যায়ে কৃষি কর্মকর্তাগণ কৃষকগণকে সর্বোচ্চ সতর্কতার সাথে তদারকি করতে সহযোগিতা করবেন। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিজয়নগর। |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, জুন /২০২২ মাসে কোভিড-১৯ ভ্যাকসিন মোট ১ম ডোজ-১৮১৭জন, ২য় ডোজ-২৪৬৪জন, এবং ৩য় ডোজ=১৮৭২৪জন। আউটডোর রোগীর সংখ্যা-২৪৬২জন, ইনডোর -২২০জন। মোট জরুরী বিভাগে রোগীর সংখ্যা-৫৩০জন ও নরমাল ডেলিভারীর সংখ্যা- ৮টি। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ২. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ টিকা গ্রহণের জন্য জনগণকে উদ্বুদ্ধ করতে হবে।<br>৩. প্রত্যেক ইউনিয়নে সংশ্লিষ্ট বিষয়ে জনগণের বিভ্রান্তি দুর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩। উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, বিজয়নগর উপজেলার ১০টি ইউনিয়নে এলজিইডি'র বিভিন্ন প্রকল্পের আওতায় অবকাঠামোগত উন্নয়ন কর্মকান্ড এবং বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজ চলমান আছে। তিনি সকল কাজে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ডেন্টাল ইউনিট স্থাপন, প্যাকেজ নং: INF/ ২০২০-২১-২০১২০৭-০৩ কাজটি প্রাক্কলন ও স্পেসিফিকশোন মোতাবেক ১০০% সমাপ্ত হইয়াছে। চূড়ান্ত বিলের | ৪. সভায় বিস্তারিত আলোচনান্তে কাজটি সুষ্ঠভাবে বাস্তবায়ন হওয়ায় সর্বসম্মতিক্রমে উপস্থাপিত চূড়ান্ত বিলটি অনুমোদন পূর্বক ঠিকাদারকে বিলটি পরিশোধের নিমিত্তে অর্থ | ১. উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |

| | | | |
|---|---|---|---|
| | বিবরণ নিম্নরূপ:-<br>মোট বিল = ১১,১৭,২০০/-<br>কর্তনাদি (-)<br>আয়কর ৩% = ৩৩,৫১৬/-<br>ভ্যাট – ৭.৫% = ৮৩,৭৯০/-<br>নীট বিল = ৯,৯৯,৮৯৪/- (আয়কর ও ভ্যাট ব্যতিত) | বরাদ্দের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জুন/ ২২ মাসে উপজেলায় দীর্ঘমেয়াদী পদ্ধতির সেবা দেওয়া হয়েছে আইইউডি সেবা ১০জন ও ইমপ্ল্যান্ট সেবা ৭ জন। পুরুষ ও মহিলাকে স্থায়ী পদ্ধতির সেবা দেওয়া হয়নি। স্বল্প মেয়াদী সেবা গ্রহণকারীদের মধ্যে বিতরণ/প্রয়োগ করা হয়েছে।খাবার বড়ি ৬৪৪৬ পিস, কনডম ৮৫৫৬ পিস, ইনজেকশন ১১৮০ ভায়েল। পদ্ধতি গ্রহণকারীর হার **(CAR):** ৭৪.০৭ %। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ৫. উপজেলায় প্রত্যেক ইউনিয়নে বাড়ি বাড়ি গিয়ে মাঠ পর্যায়ের কর্মীরা আরোও জন্মহার কমানোর জন্য পদক্ষেপ নিবেন এবং পরিবার পরিকল্পনা কর্মকর্তা উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিজয়নগর। |
| ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদ উপবৃত্তির অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিতরণ করা হচ্ছে এবং অনলাইন ক্লাস কার্যক্রম চলমান রয়েছে। উপজেলার ৬টি কেন্দ্রে এসএসসি মোট পরীক্ষার্থী ২২১৫জন, ১টি কেন্দ্রে দাখিল মোট পরীক্ষার্থী ৩৯১জন, ১টি ভোকেশনাল কেন্দ্রে মোট পরীক্ষার্থী ১৪০জন। আগামী ১৫/০৯/২০২২ হতে এসএসসি পরীক্ষা শুরু হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হচ্ছে। | ৬. প্রত্যেক কেন্দ্রে পরীক্ষার্থী ছাত্র-ছাত্রী উপস্থিত থাকে সেই বিষয়ে পদক্ষেপ নিতে হবে।<br><br>০৭. উপজেলা মাধ্যমিক ও সহকারী মাধ্যমিক কর্মকর্তা নিয়মিত স্কুল পরিদর্শন করে যাবতীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রদান করবেন। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিজয়নগর। |
| ৬। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১৭/০৭/২০২২ তারিখ বিজয়নগর উপজেলার সকল বিদ্যালয় পবিত্র ঈদুল আযহা এবং গ্রীষ্মকালীন অবকাশের পর খুলেছে। বিদ্যালয়ে আনুষ্ঠানিকভাবে কোন পরীক্ষা নেয়া হচ্ছে না বলে সাপ্তাহিক মূল্যয়ন নেয়া হচ্ছে। শিক্ষার্থীদের মধ্যে শিখন আগ্রহ বাড়ছে। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ আগামী ২৭/০৭/২২ হরষপুর মাঠে অনুষ্ঠিত হবে। খেলা উপভোগের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ এবং সকল সরকারি কর্মকর্তা-কর্মচারীকে নিমন্ত্রণ জানানো হয়। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের শাহাদাত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস পালনের জন্য সকল প্রাথমিক বিদ্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | ০৮. উপজেলায় প্রত্যেকটি স্কুল পরিদর্শন করতে হবে এবং উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রতি সপ্তাহে কমপক্ষে ১০টি স্কুল ও উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা প্রতি সপ্তাহে কমপক্ষে ২০টি স্কুল পরিদর্শন করবেন। | ০১. উপজেলা শিক্ষা অফিসার, বিজয়নগর। |
| ০৭। দুযোর্গ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা দুযোর্গ ব্যবস্থাপনা কর্মকর্তা সভায় জানান যে, ৬৬টি বীর নিবাসের কাজ চলমান আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে আছে। | ০৯. বিভাগীয় কার্যক্রম ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ০১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ০৮। উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ২০২১-২২ অর্থবছরের বয়স্ক ভাতা ৯০০জন প্রাপ্ত বরাদ্ধের বিপরীতে ইউনিয়ন কমিটির প্রাপ্ত তালিকা অনুযায়ী এস.আই.এস ডাটা এন্ট্রি ভিলিভেশন ও পেরোল সম্পন্ন করা হয়। দ্রুতই তাদের ব্যাংক একাউন্টে ভাতার টাকা প্রেরণ করা হবে। অন্যদিকে ২০২১-২২ অর্থ বছরের সকল খাতের ভাতা জুন/২০২২ইং পর্যন্ত ব্যাংক এশিয়ার মাধ্যমে ঈদের আগে বিতরণ করা হচ্ছে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | ১০. ভাতা প্রদানের জন্য মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।<br>১০. ব্যাংক এশিয়ার মাধ্যমে টাকা দ্রুত বিতরণ করা হয় সেই বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করতে হবে। | ১. উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বিজয়নগর। |
| ০৯। সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, দাড়িয়াপুর আশ্রয়ন ২ প্রকল্পে ঋণ বিতরণ-১৭,৪০,০০০/- টাকা, ঋণ আদায়-১১,৩৬,৯৫২/-টাকা। সার্ভিস চার্জ আদায়-৮৩,৬১৬/-। ব্যাংক স্থিতি -১৭,৭৮,০২৬,/-টাকা। উক্ত প্রকল্পে ঋণ গ্রহণকারী ০৫জন সদস্য মৃত্যুবরণ করিয়াছেন। তাদের নিকট ঋণের আসল বাবদ ৫৬,৪৫৫/- এবং সার্ভিস চার্জ ৪,১৫১/- টাকা পাওনা রহিয়াছে। মির্জাপুর আশ্রয়ন ২ প্রকল্পে ঋণ বিতরণ-১০,৫০,০০০/-, ঋণ আদায়-৪,৯৫,৫৬১/- টাকা। সার্ভিস চার্জ আদায় ৩৩,২৮৯/- টাকা। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১১. ঋণের আদায় বাড়াতে হবে এবং অন্যান্য সমিতিগুলো নিয়মিত অডিট সম্পাদন করতে হবে।<br>১২. মৃত্যুবরণকারী ঋণ গ্রহীতাদের কাজ থেকে প্রচলিত বিধিবিধান অনুযায়ী ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. উপজেলা সমবায় কর্মকর্তা, বিজয়নগর। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১০. উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বরাদ্দ না থাকায় জুন/২২ মাসের সকল ইউনিয়নে ভিজিডি খাদ্যশস্য বিতরণ করা হয়নি। দুঃস্থ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচীর আওতায় চলতি মাসে ঋণ আদায় ৯৪৫৩/- (নয় হাজার চারশত তিপান্ন) টাকা। আদায়ের হার ৯৩%। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের দু'টি ট্রেডে (ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং) ১৬তম ও ১৭তম ব্যাচের ১০০জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান। নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনাল হতে প্রাপ্ত ০৫টি মামলার তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। সচেতনতামূলক কার্যক্রম: নারী ও শিশু নির্যাতন, বাল্যবিবাহ, যৌতুক প্রতিরোধ, নারী ও শিশু পাচাররোধ, নারীর আইনগত অধিকার এবং অটিজম ও নিউরো ডেভেলপমেন্টাল ডিজ এবিলিটিজ বিষয়ে ইউনিয়ন পর্যায়ে উঠান বৈঠক করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১৩. প্রশিক্ষণগুলো নিবিড়ভাবে সম্পন্ন করতে হবে এবং বাল্যবিবাহ ও শিশু নির্যাতন সম্পর্কে উঠান বৈঠক করে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিজয়নগর। |
| ১১। উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ সডিউল অনুযায়ী জুলাই/ ২০২২ মাসে কোন প্রশিক্ষণ কার্যক্রম না থাকায় কোন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়নি। তবে প্রশিক্ষণ ব্যাচ গঠনের কাজ মাঠ পর্যায়ে প্রক্রিয়াধীন রয়েছে। তাছাড়া গত ২৪/০৭/২২খ্রি. তারিখে পাঁচগাও বাগদিয়া একতা মানবিক যুব সংগঠনকে রেজিষ্ট্রেশন সনদ বিতরণ করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৪. প্রতিটি সংগঠনকে নিবন্ধন করার জন্য বাছাইয়ের কাজ শতভাগ স্বচ্ছতা ও আন্তরিকতার সাথে করতে হবে। | ০১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর।<br>০২. চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ, বিজয়নগর। |
| ১২। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, আবর্তক (কৃষি) ,সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী, বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের আত্মকর্মসংস্থান কর্মসূচী, এসএমই ঋণ লক্ষ টাকায় মোট সমিতি/ দল = ৮৫টি, মোট সদস্য সংখ্যা=১৪৯৪জন, মোট ঋণ তহবিল প্রাপ্তি= ১১৭.৩৭, মোট ঋণ বিতরণ (ক্রম:)=৩৯৬.৭২, মোট আদায়যোগ্য (ক্রম:)=৩৩৫.১৭, মোট ঋণ আদায় (ক্রম:)=৩২১.৮৭, আদায়ের হার (ক্রম:) ৯৬%। | ১৫. ঋণের আদায় আরোও বাড়াতে হবে এবং বিভাগীয় কার্যক্রমগুলো সার্বক্ষণিক তদারকি করতে হবে। | ০১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৩। পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার সমন্বয়কারী সভায় জানান যে, সদস্যদের মাঝে কর্মসৃজন ঋণ আদায় ১৬৩.২৮ লক্ষ, ঋণ বিতরণ ১৫৮.২০ লক্ষ, সঞ্চয় আদায় ১.৭০ লক্ষ। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৬. ঋণের আদায় আরোও বাড়াতে হবে। | ০১. পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার সমন্বয়কারী, বিজয়নগর। |
| ১৪। খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, বিজয়নগর উপজেলার ১০টি ইউনিয়নে ৭২০৪টি তালিকাভুক্ত পরিবারের মাঝে খাদ্যবান্ধব কার্ডের মাধ্যমে সরকার নির্ধারিত মুল্যে সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মাসে ৩০কেজি চাল বিতরণ হবে। সে লক্ষ্যে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণের মাধ্যমে অনলাইনে আপলোড করা হবে। উপজেলা প্রশাসন ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে ফোনে ও ই-মেইলে জানানো হয়েছে এবং সর্বাত্বক সহযোগিতা চাওয়া হয়েছে। | ১৭. ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ সঠিকভাবে অনলাইনে আপলোড করে সেই দিকে তদারকি করতে হবে। | ০১. উপজেলা খাদ্য কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৫। আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, জুন/২২ মাসে বিগত ইউপি নির্বাচনের দায়িত্ব পালনকারী সকল সদস্য-সদস্যাদের মাঝে সুষ্ঠুভাবে ভাতা বিতরণ করা হয়েছে। তাছাড়া বৃক্ষরোপণ অভিযান-২২ উদ্‌যাপন উপলক্ষ্যে ১০টি বিভিন্ন ফলজ, বনজ ও ভেষজ চারা রোপন করা হয়। এছাড়াও যাবতীয় প্রশাসনিক কার্যক্রম স্বাভাবিকভোবে চলছে। | ১৮. বিভাগের দাপ্তরিক কার্যক্রম আরও উন্নয়ন করতে হবে। | ০১. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৬। প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, চিকিৎসা- গবাদি প্রাণির ও হাঁস মুরগির টিকা প্রদান সরবরাহ নাই। গবাদি প্রাণির চিকিৎসা -১৩৬০টি, হাঁস-মুরগির চিকিৎসা -১২৩২০টি, গাভীকে কৃত্রিম প্রজনন সংখ্যা-৪০০টি, সংকর জাতের বাচ্চা উৎপাদন-২০০টি ও উঠান বৈঠক-৩টি। এছাড়া NAT-2 ও LDDP প্রকল্পের কার্যক্রম চলমান এবং খামারীদের সেবা প্রদান আরো সহজতর হবার জন্য MVC (মোবাইল ভেটেরিনারি ক্লিনিক) সংযুক্ত হয়েছে যার হটলাইন-১৬৩৫৮। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৯. ১৬৩৫৮ নাম্বারে ফোন দিলে জরুরীভাবে সেবা দিতে প্রস্তুত থাকবে এবং কাজগুলো বাস্তবায়ন করতে হবে এবং কোনোরূপ সমস্যা পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। | ০১. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৭। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জুন/২০২২খ্রি. মাসে ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়ে সংশোধিত) এর আওতায় মৎস্য চাষিদের মাঝে ০৫টি প্রদর্শনী মৎস্য খামার, সচেতনতামুলক সভা এবং ১০৭জন নিবন্ধন জেলেদের বাতিলকরণ ও ১০৩জন জেলেকে নতুন করে জেলে তালিকায় নিবন্ধন করা হয়। ২০জন মৎস্যচাষিকে পরামর্শ প্রদানসহ পুকুর পরিদর্শন করা হয়। অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | ২০. নিবন্ধিত জেলে কিনা তা যাচাই করতে হবে। | ০১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিজয়নগর। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৮। জনস্বাস্থ্য প্রকৌশল অধিঃ | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায়-১০টি ইউনিয়নে মোট ২৬০টি সাব-মার্সেবল পাম্পযুক্ত) গভীর ও অগভীর নলকূপ এর কাজ চলমান আছে এবং আরও নতুন ১০৭টি সার্ব-মার্সেবল পাম্পযুক্ত গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে। মানব সম্পদ প্রকল্পের আওতায় ২টি পাবলিক টয়লেট এবং হ্যান্ড ওয়াশ বেসিং বরাদ্দ পাওয়া যায়। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২১. গভীর নলকূপ এর চলমান কাজ সার্বক্ষণিক তদারকি করতে হবে।<br>২২. জনগণের চাহিদাগুলো সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে এবং কোনোরূপ সমস্যা পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। | ০১. জনস্বাস্থ্য প্রকৌশলী, বিজয়নগর। |
| ১৯। পল্লী দারিদ্র বিমোচন | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, জুন /২০২২ মাসের মোট সমিতির সংখ্যা ৬০, সদস্য অন্তর্ভুক্তি ১৪৪০জন, ঋণ সদস্য সংখ্যা-৬৯৫জন, ক্ষুদ্র ঋণ বিতরণ-৯৪.৭৭ লক্ষ, ক্ষুদ্র ঋণ আদায়- ৯০.৮৭ লক্ষ, মোট আদায় হার ৯৭%। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণী সদস্য ৯৬জন, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ ৫৬.৪০ লক্ষ, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়যোগ্য ৭৮.২০ লক্ষ। ক্ষুদ্র আদায় হার ৯৮%। বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ২৩. ঋণ বিতরণ ও ঋণ আদায়ের হার আরও দ্রুত বাড়াতে হবে।<br>২৪. মাঠ পর্যায়ে বাড়ি বাড়ি গিয়ে সচেতনতা মূলক সভা করার পাশাপাশি মানুষকে ঋণ এর সুফল সম্পর্কে অবগত করতে হবে। | ০১. পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিজয়নগর। |
| ২০। বিএডিসি (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্রসেচ) সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে চলমান "ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর ও ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় ভূ-পরিস্থ পানি ব্যবহারের মাধ্যমে ক্ষুদ্রসেচ ও সেচ দক্ষতা বৃদ্ধিকরণ কর্মসূচী" এর আওতায় বিজয়নগর উপজেলায় খাল খনন-৫.০০ কি.মি. (রুপার খাল-২.৭৫ কি.মি. সোনার খাল-২.২৫ কি.মি.), অগভীর নলকূপে ৪০০মি. বারিড পাইপ লাইন নির্মাণ-০৯ টি, এলএলপি স্কীমে ৬০০ মি. বারিড পাইপ লাইন নির্মাণ-০৩টি, ওয়াটার পাস নির্মাণ-৪টি কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। "কুমিল্লা-চাঁদপুর-ব্রাহ্মণবাড়িয়া জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্প" এর আওতায় কোদালিয়া খাল খনন-৫.০০কি.মি. পারেঙ্গা খাল খনন-৪.০০ কি.মি., পাহাড়পুর খাল খনন-৩.০০কি.মি. ওয়াটার পাস/কল্ভুইট নির্মাণ-১২টি, মাঝারী আকারের হাইড্রোলিক ষ্ট্রাকচার নির্মাণ- ০১টি, ২-কিউসেক এলএলপি স্কীপে ১০০০মি. বারিড পাইপ লাইন নির্মাণ- ২টি, গভীর নলকূপের পাম্প হাউজ নির্মাণ কাজ ০২টি এবং এলএলপি সেচ স্কীমে পাম্প হাউজ নির্মাণ কাজ-০২টি সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী অর্থ বছরের বাস্তবায়নের জন্য স্কীম নির্বাচন চলমান রয়েছে। | ২৫. খাল খনন ও বিভিন্ন আকারের সেচ অবকাঠামো নির্মাণ, সেচ নালা নির্মাণের কাজ শতভাগ স্বচ্ছতার সাথে দ্রুত করতে হবে।<br>২৬. কাজের গুণগত মান আরও উন্নত করতে হবে এবং নিয়মিত তদারকি জোরদার করতে হবে। | ০১. উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), বিজয়নগর |
| ২১। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, চলতি আর্থিক সালে বিক্রয়/বিতরণের ২০০০টি বিবিধ যাতের চারা উত্তোলনের কাজ চলমান এবং করাতকল লাইসেন্স-২০১২ বাস্তবায়নের নিমিত্তে মোবাইল কোড পরিচালনার সভায় অনুরোধ জানান। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে আছে। | ২৭. বরাদ্দ অনুযায়ী চারাগাছ লাগানো এবং বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. উপজেলা বন কর্মকর্তা, বিজয়নগর। |
| ২২. পরিসংখ্যান ব্যুরো | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, প্রধান ফসল ৬টি ও অপ্রধান ফসল সমূহের ১৫০টি আনুমানিক হিসাব, উৎপাদন খরচ হিসাব, মাসিক মূল্য ও মজুরির জরিপ মুদ্রাষ্ফীতি নির্ণয়ের জন্য প্রভৃতি তথ্য সংগ্রহ কার্যক্রম নিয়মিতভাবে সম্পন্ন করা হচ্ছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২৮. সঠিকভাবে জরিপ নির্ণয়ের জন্য নিয়মিতভাবে কাজ করতে হবে। | ০১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিজয়নগর। |
| ২৩। ইউআরসি | উপজেলা ইউআরসি কর্মকর্তা সভায় জানান যে, প্রতিটি বিদ্যালয় পরিদর্শন অব্যাহত আছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২৯. উপজেলায় প্রতিটি বিদ্যালয় পরিদর্শন করতে হবে এবং রিসোর্স সেন্টারে প্রশিক্ষণ ভাল হয় সেই দিকে নজর দিতে হবে। | ০১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিজয়নগর |
| ২৪। পল্লী বিদ্যুৎ বিভাগ | উপজেলা পল্লী বিদ্যুৎ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা চেয়ারম্যান এর কার্যালয় ০১ জুন-২১ হতে ০১ জুন-২২ পর্যন্ত বকেয়া ২৩০৪৬১.০০ টাকা পরিশোধ করা হয় এবং গত ২০১৮ সাল থেকে মে/২১ পর্যন্ত ৫,৭৫,১০৯.০০ টাকা বকেয়া আছে। বর্ণিত বকেয়াগুলি পরিশোধ করার জন্য আপনার মাধ্যমে সকলকে অনুরোধ করা হলো। বর্তমানে বৈশ্বিক আবহাওয়া পরিস্থিতির সময় সারা দেশে লোড শেডিং চলছে। লোড শেডিং সংক্রান্ত সকল | ৩০. অপ্রয়োজনীয় লোড শেডিং না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।<br>৩১. পার্শ্ব সংযোগ/ লুজ তার/ অবৈধ উপায়ে বিদ্যুৎ ব্যবহার না হয় সেই দিকে নজর দিতে | ০১. এজিএম, উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি, বিজয়নগর। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | জনগনকে মাইকিং, লিফলেট ও সকল মসজিদের ঈমাম সাহেবের মাধ্যমে সকল মুসল্লিদেরকে জানানো হয়েছে। | হবে। | |
| ২৩। ইসলামিক মিশন হাসপাতাল | ইসলামিক মিশন হাসপাতালের সিনিয়র মেডিকেল অফিসার সভায় জানান যে, অত্র হাসপাতালে জুলাই /২০২২খ্রি. মাসের এলোপ্যাথিক চিকিৎসা-৮২০জন, হোমিও চিকিৎসা- ৭০জন সেবা প্রদান করা হয়। সেলাই প্রশিক্ষণের মাধ্যমে ২০জন দুস্থ বিধবা মুসলিম মহিলাকে স্বাবলম্বী করা হয়েছে। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | ৩২. বিভাগীয় কাজের সঠিক তথ্যগুলোর ধারাবাহিকতা অগ্রগতি আরোও দ্রুত বাড়াতে হবে। | ০১. ইসলামিক মিশন হাসপাতাল, বিজয়নগর। |

২৮/০৭/২২

(সাবিত্রী রাণী)
সভাপতি
মাসিক সাধারণ সভা
ও
প্যানেল চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং : ০০.৪২.০৫৬৬.০০০.০৬.০০১.২২-২৭/ (৪০)

তারিখ: ২৬ শ্রাবণ- ১৪২৮ বাংলা
২৬ জুলাই-২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। মাননীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া-৩ ও সভাপতি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বিষয়ক সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৭। উপজেলা ............................................ অফিসার (সকল), বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৮। চেয়ারম্যান......................................... ইউপি (সকল), বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

২৮/০৭/২০২২

(এ এইচ ইরফান উদ্দিন আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

CamScanner